



কৃষিই সমৃদ্ধি
বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল
নতুন বিমানবন্দর সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং : ১২.২০.০০০০.০২০.০৫.০০১.২১. ৭ ৪৭

তারিখঃ ২৭ মার্চ ২০২৫

বিষয় : অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২০২৫ এর কার্যক্রম ২.২ এ উল্লিখিত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

তারিখ : ২৩ মার্চ ২০২৫

সময় : দুপুর ০২:০০ টা

স্থান : কনফারেন্স রুম-১, বিএআরসি, ফার্মগেট, ঢাকা

সভাপতি : ড. মোঃ ছায়ফুল্লাহ, সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ), বিএআরসি

উপস্থিতি : পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনার ফোকাল পয়েন্ট এবং কাউন্সিলের উপ পরিচালক (সংস্থাপন) জনাব মোহাম্মদ মাহবুবুল হাসানকে উপস্থাপনার আহ্বান জানান। জনাব মাহবুবুল অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৪-২৫ এর কার্যক্রম ২.২ এ উল্লিখিত অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অনুষ্ঠিত সভায় অংশগ্রহণকারী সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি সভাকে অবহিত করেন, কর্মপরিকল্পনা অনুযায়ী তৃতীয় প্রান্তিকে (জানুয়ারি-মার্চ) স্টেকহোল্ডারগণের সমন্বয়ে একটি সভা আয়োজন করার পরিকল্পনা করা হয়েছিল। সে আলোকেই সভা আহ্বান করা হয়েছে।

বিএআরসি'র ফোকাল পয়েন্ট এরপর অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা সংক্রান্ত বিএআরসি'র কর্মপরিকল্পনার বিভিন্ন কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি তুলে ধরেন।

প্রশ্নোত্তর পর্বে বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউটের পরিচালক (কারিগরি) (চলতি দায়িত্ব) জনাব মোঃ মোসলেম উদ্দিন তাঁর প্রতিষ্ঠানে বিভিন্ন সময়ে আসা বেনামী অভিযোগের বিষয়ে করণীয় সম্পর্কে পরামর্শ চান। জবাবে কাউন্সিলের সদস্য পরিচালক (প্রশাসন ও অর্থ) এবং অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা ড. মোঃ ছায়ফুল্লাহ জানান, প্রথমেই দেখতে হবে প্রাপ্ত অভিযোগে সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত কোন সেবা প্রদান লঙ্ঘিত হয়েছে কিনা ! এরপর অভিযোগের ধরণ/গুরুত্ব বিবেচনা করে আমলে নেয়া যাবে কিনা; সে বিষয়ে সিদ্ধান্ত নিতে হবে।

ফায়ার ফার্মাসিউটিক্যালস এর গ্রুপ কেয়ার ডিভিশনের এক্সিকিউটিভ জনাব মোঃ মাসুদ রানা মানিক সার ও সার জাতীয় দ্রব্যের বিনির্দেশ নির্ধারণ প্রক্রিয়াকরণ সংক্রান্ত সেবাসহ বিভিন্ন সেবা প্রদানে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিলের আন্তরিকতার ভূয়সী প্রশংসা করেন। সেবা প্রদানের ক্ষেত্রে আন্তরিকতা সেবাগ্রহীতাদের কাছ থেকে অভিযোগ না আসার কারণ হিসেবে তিনি উল্লেখ করেন।

সিদ্ধান্ত:

১। অফলাইনে কিংবা ইমেইল ও জিআরএস সফটওয়্যারের মাধ্যমে অভিযোগ প্রদানের বিভিন্ন দিক সম্পর্কে সেবা গ্রহীতাদেরকে অবহিত করাসহ সচেতনতা বৃদ্ধির বিষয়ে সচেষ্টি থাকতে হবে।

২। কোন অভিযোগ পাওয়া গেলে দ্রুততম সময়ের মধ্যে সেটি নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ড. মোঃ ছায়ফুল্লাহ)

সদস্য-পরিচালক (প্রশাসন ও অর্থ)

ফোনঃ ২২২২৪২৬২৮

ই-মেইল- m.saif@barc.gov.bd